



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৫.১০.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবি প্রেসক্লাবের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকী পালন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবিপ্রবি) প্রেসক্লাবের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে গতকাল বৃহস্পতিবার (২৪ অক্টোবর) বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালিটি প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে এসে শেষ হয়।

এরপর প্রেসক্লাবের কার্যালয়ে ২য় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। পাবিপ্রবি প্রেসক্লাবের সভাপতি আবদুল্লাহ আল মামুনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম সোহেলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা প্রেসক্লাবের সভাপতি এবিএম ফজলুর রহমান, বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল বলেন, যারা সমাজে সততার সাথে কাজ করেন, মানুষ তাদের মন থেকে সম্মান করে। কিন্তু সৎ মানুষ সমাজে কিছু সমস্যার মধ্যেও পড়ে, কারণ অসৎ মানুষ একসাথে ও সংঘবদ্ধ থাকে। তারপরও দিনশেষে মানুষ তাদের শ্রদ্ধা করে। গত ১৬ বছরে যারা ভালো সাংবাদিকতা করেছে, তারা মানুষের ভালোবাসা পাচ্ছে। ভালো কাজ করলে যে কেউ ইতিহাস হয়ে থাকবে। তিনি বলেন, তোমাদের লোভ লালসা থেকে দূরে থাকতে হবে। জাতির জন্য কাজ করে দেশকে এগিয়ে নিতে হবে। পাবনার সমস্যা নিয়ে কাজ করা এবং পাবনাকে এগিয়ে নিতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

আমাদের নিজস্ব সংস্কৃতিকে ধারণ করে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে হবে। তিনি বলেন, তোমরা সত্যটা লিখবে। পেশাটি খুবই সম্মানিত পেশা এবং পেশার মর্যাদা তোমাদের দিতে হবে। সমাজে সবার অধিকার এক ও অভিন্ন। সবাই আমরা বাংলাদেশি। সবার সহযোগিতায় মানবিক ক্যাম্পাস গড়ে তোলা এবং সেই সাথে সুন্দর বাংলাদেশ গড়ে তুলতে হবে।

পাবনা প্রেস ক্লাবের সভাপতি এবিএম ফজলুর রহমান বলেন, 'সাংবাদিকতা পেশা মানে এই নয় যে আমরা সকালে বের হবো বিকেলে পকেটভর্তি টাকা নিয়ে ঘরে ফিরব। এটা ত্যাগের পেশা, সেবার পেশা। এই পেশাজীবী হতে গেলে পয়সা লোভী হওয়া যাবেনা, অর্থের চিন্তা করা যাবেনা। সাংবাদিকদের সম্মান, মর্যাদা, বিবেক, দায়িত্ববোধ সবকিছু মিলিয়ে কাজ করে যেতে হবে।'

সভাপতির বক্তব্যে পাবিপ্রবি প্রেসক্লাবের সভাপতি আবদুল্লাহ আল মামুন বলেন, 'পাবিপ্রবি প্রেসক্লাব প্রতিষ্ঠালগ্ন থেকে বিশ্ববিদ্যালয়ে বস্তুনিষ্ঠ সাংবাদিকতার চেষ্টা করে আসছে। আমরা আমাদের এই পথচলায় বিশ্ববিদ্যালয় পরিবারের প্রতিটি মানুষের সহযোগিতা পেয়েছি, সেজন্য আমি সকলের প্রতি কৃতজ্ঞ। আগামীদিনে বিশ্ববিদ্যালয়ে কাজ করার জন্য আমরা সকলের সহযোগিতা চাই।'

এ সময় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. কামরুজ্জামান খান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক।

এ সময় আরও উপস্থিত ছিলেন জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের অতিরিক্ত পরিচালক মো. ফারুক হোসেন চৌধুরী, সহকারী পরিচালক মো. বাবুল হোসেন বৈশাখী টিভির পাবনা প্রতিনিধি মিজানুর রহমান সহ পাবিপ্রবি প্রেসক্লাবের সাংবাদিকবৃন্দ।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়